

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়
পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর
১৫, কলেজ রোড, ঢাকা-১০০০
www.bjsc.gov.bd

নং-১০.০৩.০০০০.০০৩.৩১.০০২.২৩-৪৯

তারিখ : ০৪ বৈশাখ, ১৪৩০ বঙ্গাব্দ
১৭ এপ্রিল, ২০২৩ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

ষোড়শ বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস পরীক্ষা, ২০২৩

১৬শ বিজেএস পরীক্ষা, ২০২৩ এর লিখিত পরীক্ষা **সিদ্ধেশ্বরী গার্লস কলেজ, ১৪৮, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০** কেন্দ্রে নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে :—

আবশ্যিক সাধারণ ও আইন বিষয়সমূহ

ক্রম	বিষয়	তারিখ	দিন	সময়
১	সাধারণ বাংলা	২১.০৫.২০২৩	রবিবার	অপরাহ্ন ২.০০ ঘটিকা থেকে অপরাহ্ন ৫.০০ ঘটিকা পর্যন্ত
২	সাধারণ ইংরেজি	২২.০৫.২০২৩	সোমবার	
৩	বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়সমূহ	২৩.০৫.২০২৩	মঙ্গলবার	
৪	সাধারণ গণিত ও দৈনন্দিন বিজ্ঞান	২৪.০৫.২০২৩	বুধবার	
৫	দেওয়ানী মামলা সংক্রান্ত আইন	২৫.০৫.২০২৩	বৃহস্পতিবার	
৬	অপরাধ সংক্রান্ত আইন	২৬.০৫.২০২৩	শনিবার	
৭	পারিবারিক সম্পর্ক বিষয়ক আইন	২৮.০৫.২০২৩	রবিবার	
৮	সাংবিধানিক আইন, জেনারেল ক্লজেস্ এ্যাক্ট ও আইনের ব্যাখ্যার ধারণা	২৯.০৫.২০২৩	সোমবার	
৯	সম্পত্তি সংশ্লিষ্ট অন্যান্য আইন	৩০.০৫.২০২৩	মঙ্গলবার	

ঐচ্ছিক আইন বিষয়সমূহ

ক্রম	বিষয়	তারিখ	দিন	সময়
১০	ঐচ্ছিক বিষয়-১ এবং ঐচ্ছিক বিষয়-২	৩১.০৫.২০২৩	বুধবার	অপরাহ্ন ২.০০ ঘটিকা থেকে অপরাহ্ন ৫.০০ ঘটিকা পর্যন্ত

পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলি :

- প্রত্যেক পরীক্ষার্থীকে পরীক্ষার দিন প্রবেশপত্রসহ পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হতে হবে। প্রবেশপত্র ছাড়া কোনো পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেওয়া হবে না। প্রবেশপত্রের নির্দেশাবলি কঠোরভাবে অনুসরণ করতে হবে।
- পরীক্ষার্থীকে পরীক্ষা শুরু হওয়ার নির্ধারিত সময়ের অন্ততঃ ৩০ মিনিট পূর্বে কেন্দ্রে উপস্থিত হতে হবে।
- লিখিত পরীক্ষার প্রশ্ন বিতরণের ৩০ মিনিট পর কোনো পরীক্ষার্থীকে কেন্দ্রে প্রবেশ করতে দেওয়া হবে না।
- প্রবেশপত্রের ছবির সঙ্গে হাজিরা তালিকার ছবির মিল না থাকলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেওয়া হবে না।
- পরীক্ষা কেন্দ্রে ব্যাগ, ওয়ালেট/মানিব্যাগ, বই, ক্যালকুলেটর, ইলেকট্রনিক/হাত ঘড়ি, মোবাইল ফোন এবং তথ্য আদান-প্রদানে ব্যবহারযোগ্য অন্য কোনো ধরনের ডিভাইস সাথে রাখা/আনা সম্পূর্ণ নিষিদ্ধ।**
- কোনো পরীক্ষার্থী পরীক্ষায় নকল করলে বা অন্য কোনোভাবে অসদুপায় অবলম্বন করলে বা কোনো অসদাচরণ করলে তাকে সংশ্লিষ্ট পরীক্ষা ও পরবর্তী সকল পরীক্ষার জন্য অযোগ্য ঘোষণাসহ তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।
- প্রতিদিনের হাজিরা ও উত্তরপত্রসহ সকল কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর একই ধরনের হতে হবে।
- পরীক্ষায় প্রশ্নপত্র বিতরণের পরবর্তী এক ঘণ্টার মধ্যে কোনো উত্তরপত্র জমা দেওয়া যাবে না।
- কোনো পরীক্ষার্থী জবুরি প্রয়োজনে পরীক্ষা শুরুর প্রথম এক ঘণ্টার পর দায়িত্ব পালনকারী পরিদর্শকের অনুমতি নিয়ে স্বল্প সময়ের জন্য পরীক্ষা কক্ষের বাইরে যেতে পারবেন।
- সকল পরীক্ষার্থীকে যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ করে পরীক্ষা হলে আসার জন্য বলা হলো।
- কোনো অনিবার্য কারণ বিবেচনায় পরীক্ষার সময়সূচি বাতিল কিংবা পরিবর্তন করা হতে পারে। সেক্ষেত্রে পরিবর্তিত সূচি কিংবা নির্দেশনা কমিশনের ওয়েব সাইটে প্রকাশ করা হবে।
- পরীক্ষার আসন বিন্যাস পরীক্ষা কেন্দ্রে ও কমিশনের ওয়েব সাইটে ১৮ মে, ২০২৩ খ্রিঃ তারিখে প্রকাশ করা হবে।

স্বাক্ষরিত/-

(শরীফ এ এম রেজা জাকের)

পরীক্ষা নিয়ন্ত্রক (জেলা ও দায়রা জজ)

টেলিফোনঃ ০২-৪১০৫২২২১

ই-মেইলঃ secretary10bjsc@gmail.com